
# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## পৌরনীতি ও সুশাসন প্রথম পত্র বিষয় কোড: ২ ৬ ৯

সময় — ২ ঘন্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶**




ক. 'Civitas' শব্দের অর্থ কী? ১

খ. পৌরনীতির সংজ্ঞা দাও। ২

গ. ছকের বিষয়গুলো ? চিহ্নিত স্থানে কোন শাস্ত্রকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. আমাদের সকলের নাগরিকজীবন সম্পর্কে জানতে ছকে উল্লিখিত বইটি পাঠের বিকল্প নেই। ব্যাখ্যা করো। ৪

**২.▶** আবুল কাশেম একটি অনুন্নত দেশের নাগরিক। তার দেশে রয়েছে দুর্নীতি, রাজনৈতিক অস্থিতিশীলতা জাতিগত দাঙ্গা, অর্থনৈতিক বৈষম্য, দারিদ্র্য ইত্যাদি নানা সমস্যা। তবে বর্তমানে শিক্ষা বিস্তারের ফলে নাগরিকের মধ্যে সচেতনতা বেড়েছে এবং রাজনৈতিক দলগুলো ও সুশীল সমাজ উক্ত সমস্যাগুলো সমাধানে খুবই আগ্রহী।

ক. সুশাসন কী? ১

খ. সুশাসন কীভাবে আইনের শাসন নিশ্চিত করে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত রাষ্ট্রটিতে সুশাসনের কোন কোন বৈশিষ্ট্যের অভাব রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. আবুল কাশেমের রাষ্ট্রটিতে কীভাবে সুশাসন প্রতিষ্ঠা করা সম্ভব? বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৩. ★ বাংলাদেশ মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসেবে বিশ্বের মানচিত্রে স্থান করে নেয়। এর পর দেশটিতে কিছু সময়ের জন্য সামরিক শাসন চললেও বেশির ভাগ সময়ে গণতান্ত্রিক শাসন চলছে। এর ফলে আইনের শাসন, মৌলিক অধিকার ও ক্ষমতা স্বতন্ত্রীকরণের ন্যায় গুরুত্বপূর্ণ বিষয়গুলো অনেকটাই কার্যকর থাকার কারণে মানুষ স্বাধীনতার সুফল ভোগ করছে এবং এর প্রতি সম্মান প্রদর্শন করে।

ক. 'Liberty' শব্দটি ল্যাটিন কোন শব্দ থেকে এসেছে? ১
খ. মূল্যবোধ বলতে কী বুঝ? ২
গ. উদ্দীপকের আলোকে আইন ও নৈতিকতার মধ্যে সম্পর্ক আলোচনা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত স্বাধীনতার রক্ষাকবচসমূহ বিশ্লেষণ করো। ৪

৪. ★ ডিজিটাল পদ্ধতিতে বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে মিথস্ক্রিয়া সাধিত হলে ই-গভর্নেন্স এবু উদ্ভব ঘটে। এই মিথস্ক্রিয়া ঘটে সরকার ও জনগণের মধ্যে সরকার ও ব্যবসায়ীদের মধ্যে সরকার ও চাকরিজীবীদের মধ্যে এবং এক সরকারের সাথে অন্য সরকারের মধ্যে।

ক. ই-গভর্নেন্স এর অর্থ কী? ১
খ. ডিজিটাল পদ্ধতি বলতে কী বুঝ? ২
গ. ই-গভর্নেন্স চালু হলে কী কী সুবিধা পাওয়া যাবে? ৩
ঘ. ই-গভর্নেন্স এর মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে বেশ কিছু প্রতিবন্ধকতা রয়েছে— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৫. ▶ রফিক স্টুডেন্ট ভিসায় জাপানে গেছে। সে সেখানে নিজ দেশের ন্যায় সব ধরনের সুযোগ-সুবিধা পায় না। কিছুদিন আগে সে ছুটি কাটাতে দেশে এসেছে। তার গ্রামে ইউনিয়ন পরিষদ নির্বাচন হচ্ছে। সে এখানে ভোট দিতে পারবে। সে তার অধিকার ও কর্তব্য সম্পর্কে খুবই সচেতন। রফিক জানে যে, একজন নাগরিককে অধিকার ভোগের পাশাপাশি কিছু কর্তব্য ও দায়িত্ব পালন করতে হয়

ক. অধিকার বলতে কী বুঝ? ১
খ. মৌলিক অধিকার কাকে বলে? ২
গ. একজন নাগরিক হিসেবে রাষ্ট্রের প্রতি রফিকের কর্তব্য কী কী হওয়া উচিত বলে মনে করো? ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত একজন নাগরিককে অধিকার ভোগের পাশাপাশি কিছু কর্তব্য ও দায়িত্ব পালন করতে হয়। রফিকের এ অনুভূতির মূল্যায়ন করো। ৪

৬. ▶ রিয়াজুল ইসলাম পৌরনীতি ক্লাসে রাজনৈতিক দল বিষয়ে পড়তে গিয়ে বললেন যে, বর্তমান সময়ে সমাজের বিভিন্ন ধর্ম বর্ণ পেশার মানুষের স্বার্থ একত্রীকরণে রাজনৈতিক দলের ভূমিকা অপরিসীম। রীপা নামের এক ছাত্রী

https://teachingbd24.com

জিজ্ঞাসা করল, 'স্যার রাজনৈতিক দল ও উপদলের মধ্যে পার্থক্য কতটুকু? তিনি উভয়ের মধ্যে পার্থক্য তুলে ধরলেন। তিনি বললেন যে, প্রতিনিধিত্বমূলক গণতন্ত্রের সফলতা নির্ভর করে রাজনৈতিক দলের ওপর।

ক. রাজনৈতিক দল কাকে বলে? ১
খ. দ্বি-দলীয় ব্যবস্থা বলতে কী বুঝ? ২
গ. রাজনৈতিক দল ও উপদলের মধ্যে পার্থক্য কতটুকু? ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত প্রতিনিধিত্বমূলক গণতন্ত্রের সফলতা নির্ভর করে রাজনৈতিক দলের ওপর উক্তিটির যথার্থতা নির্ণয় করো। ৪

**৭.▶** রাষ্ট্র গঠনের অন্যতম উপাদান হলো সরকার। সরকার হলো রাষ্ট্রের মুখপাত্র। গণতান্ত্রিক রাষ্ট্রে নাগরিকগণ তাদের ভোটাধিকার প্রয়োগ করে সরকার গঠন করে থাকে। রাষ্ট্র ভেদে সরকারের রূপ ও সংগঠন ভিন্ন ভিন্ন হয়। নিঃসন্দেহে গণতন্ত্র সকল শাসনব্যবস্থার মধ্যে সর্বোত্তম। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সংসদীয় গণতান্ত্রিক সরকারব্যবস্থা প্রচলিত রয়েছে।

ক. সরকার কাকে বলে? ১
খ. যুক্তরাষ্ট্রীয় সরকার কী? ২
গ. সংসদীয় ও রাষ্ট্রপতিশাসিত সরকারব্যবস্থার মধ্যে পার্থক্য কী কী? ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত 'নিঃসন্দেহে গণতন্ত্র সকল শাসনব্যবস্থার মধ্যে সর্বোত্তম বলা যায়— উক্তিটির যথার্থতা যাচাই করো। ৪

**৮.★** অধ্যাপক কামাল সাহেব রংপুরের একটি খ্যাতনামা কলেজে পৌরনীতি ও সুশাসন পড়ান। তিনি শ্রেণিকক্ষে ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতি সম্পর্কে পাঠদান করেছিলেন। একজন ছাত্র দাঁড়িয়ে জিজ্ঞেস করল স্যার এই নীতি কোথাও কী পুরোপুরি কার্যকর রয়েছে? কামাল সাহেব বললেন যে, আমেরিকার যুক্তরাষ্ট্রের সংবিধান প্রণেতারা এই নীতি দ্বারা গভীরভাবে প্রভাবিত হয়েছিলেন। তবে সেখানে এই নীতি পুরোপুরি বাস্তবায়িত হয়নি। সেখানে প্রয়োগ করা হয়েছে 'নিয়ন্ত্রণ ও ভারসাম্য নীতি'।

ক. ক্ষমতা ও স্বতন্ত্রীকরণ নীতির প্রবক্তা কে? ১
খ. ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতি কী? ২
গ. উদ্দীপকে বর্ণিত আমেরিকার যুক্তরাষ্ট্রে পূর্ণ ক্ষমতাস্বতন্ত্রীকরণ নীতি বাস্তবায়িত না হয়ে যে নিয়ন্ত্রণ ও ভারসাম্য নীতি কার্যকর হয়েছে তার মধ্যে পার্থক্য নির্দেশ করো। ৩
ঘ. আমেরিকার যুক্তরাষ্ট্রে এমনকি পৃথিবীর কোন রাষ্ট্রেই পূর্ণ ক্ষমতার স্বতন্ত্রীকরণ নীতি কার্যকর করা হয়নি। উক্তিটি বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৯.▶ বেগম রোকেয়া কলেজের অধ্যাপক আশরাফুল ইসলাম জনমত সম্পর্কে শ্রেণিকক্ষে পড়াতে গিয়ে বলেন যে, সাধারণ অর্থ সংখ্যাগরিষ্ঠ জনগণের মতকে জনমত বলা হয়। কিন্তু পৌরনীতি ও সুশাসনে সকল মতামতই জনমত নয়। একজন ছাত্রী দাঁড়িয়ে বললো যে, তাহলে কোন মতকে জনমত বলা যাবে? অধ্যাপক সাহেব বললেন যে, সুষ্ঠু ও সচেতন জনমত গণতন্ত্রের প্রাণ।

ক. জনমত কী? ১

খ. রাজনৈতিক সংস্কৃতি বলতে কী বুঝ? ২

গ. জনমত গঠনে রাজনৈতিক দল এবং রেডিও টেলিভিশনের ভূমিকা কতটুকু? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'সুষ্ঠু ও সচেতন জনমত গণতন্ত্রের প্রাণ' উদ্দীপকে উল্লিখিত উক্তিটি মূল্যায়ন করো। ৪

১০.★ একটি গণতান্ত্রিক রাষ্ট্রে এমন একটি আমলা প্রশাসন গড়ে তোলা উচিত যারা নিজেদেরকে জনগণের প্রভু না ভেবে সেবক বলে ভাববেন। এ জন্য আমলাদেরকে রাজনৈতিক নিয়ন্ত্রণে আনার ব্যবস্থা করতে হবে। কেননা অনিয়ন্ত্রিত আমলাতন্ত্র গণতন্ত্রের জন্য ভয়াবহ। সাবধান থাকতে হবে যেন আমলাতন্ত্রে 'লালফিতার দৌরাত্ম্য' বৃদ্ধি না পায়।

ক. আমলাতন্ত্রের জনক কে? ১

খ. আমলাতন্ত্র বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে বর্ণিত আমলাতন্ত্রে 'লালফিতার দৌরাত্ম্য' শব্দটি বিশ্লেষণ করো। ৩

ঘ. 'অনিয়ন্ত্রিত আমলাতন্ত্র গণতন্ত্রের জন্য ভয়াবহ' উদ্দীপকে বর্ণিত উক্তিটির যথার্থতা নির্ণয় করো। ৪

১১.★ একাদশ শ্রেণির শ্রেণিকক্ষে অধ্যাপক মিলন সাহেব জাতি ও জাতীয়তা এবং উপাদানগুলো সম্পর্কে আলোচনা করেছিলেন। তিনি জাতি ও জাতীয়তা সম্পর্কে আলোচনা করতে গিয়ে বাঙালি জাতীয়তাবাদের উন্মেষ এবং বাংলাদেশের স্বাধীনতা অর্জনের উদাহরণ তুলে ধরেন।

ক. Nation ও Natus শব্দটির অর্থ কী? ১

খ. জাতি রাষ্ট্র কী? ২

গ. উদ্দীপকে বর্ণিত জাতি ও জাতীয়তার মধ্যে পার্থক্য কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত জাতীয়তার উপাদানগুলো চিহ্নিত করো। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

# পৌরনীতি ও সুশাসন প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ২ | ৬ | ৯ |

সময় — ৩০ মিনিট

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. **দেশ ঠিক মায়ের মতোই এ উপলব্ধিকে কী বলা হয়?**
ⓚ মানবতাবোধ ⓛ ভ্রাতৃত্ববোধ
ⓜ দেশাত্মবোধ ⓝ মমত্ববোধ

২. **কোনটির জন্য তোমার নাগরিকতা অর্থপূর্ণ হবে?**
ⓚ নির্বাচন ⓛ জনসভা
ⓜ কর্তব্যপালন ⓝ আইন মান্য করা

৩. ★ **অর্থনৈতিক ক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠিত হলে—**
i. আইনের শাসন প্রতিষ্ঠিত হয়
ii. দুর্নীতি দূর হয়
iii. বিনিয়োগ বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

৪. ★ **অনিয়ন্ত্রিত আমলাতন্ত্র গণতন্ত্রের জন্য হুমকিস্বরূপ। (An Uncontrolled bureaucracy is a threat to democracy) উক্তিটি কে করেছেন?**
ⓚ লর্ড ব্রাইস ⓛ অধ্যাপক লাস্কি
ⓜ রিচার্ড ক্রসম্যান ⓝ উইলোবী

৫. **ইংরেজি Law শব্দটি কোন টিউটোনিক শব্দ থেকে এসেছে?**
ⓚ Law ⓛ Leg
ⓜ Log ⓝ Lag

৬. **'আইন হচ্ছে নিম্নতমের প্রতি উর্ধ্বতন কর্তৃত্বের আদেশ। সংজ্ঞাটি কার?**
ⓚ টমাস হবস ⓛ হল্যান্ড
ⓜ জন অস্টিন ⓝ গেটেল

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**
গভর্নেন্স সূচক অনুযায়ী মায়ানমার ২০১১ সালে বাকস্বাধীনতা ও জবাবদিহিতার ক্ষেত্রে মাত্র ১৫ শতাংশ নম্বর পায়। রাজনৈতিক স্থিতিশীলতা ও সন্ত্রাসের অনুপস্থিতির ক্ষেত্রে প্রায় ৪৫ শতাংশ নম্বর পায়।

৭. **উক্ত তথ্যের দ্বারা মায়ানমারে কোনটির অভাব পরিলক্ষিত হয়?**
ⓚ ই-গভর্নেন্সের ⓛ ই-মার্কেটিং
ⓜ সুশাসন ⓝ মন্দ শাসন

৮. **উক্ত অবস্থার উন্নতি ঘটাতে হলে প্রয়োজন—**
i. মতামত প্রকাশের স্বাধীনতা নিশ্চিতকরণ
ii. আইন-শৃঙ্খলা বাহিনীর আরও কঠোর হওয়া
iii. রাজনৈতিক সহনশীলতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

৯. **ই-গভর্নেন্স প্রতিষ্ঠার জন্য প্রয়োজনীয় ডিভাইস নয় কোনটি?**
ⓚ মডেম ⓛ ফ্যাক্স
ⓜ রাউটার ⓝ সার্ভার

১০. **তথ্য ও প্রযুক্তি যোগাযোগের উন্নতির ক্ষেত্রে বাংলাদেশের অবস্থান—**
ⓚ ১০৫ তম ⓛ ১০৮ তম
ⓜ ১১০ তম ⓝ ১১৪ তম

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:**
নাহার কলেজে যাবার পথে কিছু বখাটে ছেলে তাকে উত্ত্যক্ত করত। সে বিষয়টি তার পরিবারকে জানায় এবং তার বাবা মা স্থানীয় প্রশাসনের শরণাপন্ন হয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করেন।

১১. **স্থানীয় প্রশাসন কী ভূমিকা রাখতে পারে?**
ⓚ নিরাপত্তার ব্যবস্থা নিবে
ⓛ আইনানুগ ব্যবস্থা নিবে
ⓜ সচেতনতা বাড়বে
ⓝ শিক্ষার হার বৃদ্ধি করবে

১২. **নাহারের যে ধরনের স্বাধীনতা ক্ষুণ্ন হয়েছে তা হলো—**
i. সামাজিক
ii. ব্যক্তিগত
iii. রাজনৈতিক
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

১৩. ★ **নিচের কোনটি নাগরিকের রাজনৈতিক অধিকার?**
ⓚ সরকারি চাকরি লাভ
ⓛ আইনের আশ্রয় লাভ
ⓜ শিক্ষা অর্জন
ⓝ স্বাধীন মতপ্রকাশ

১৪. **নেতৃত্ব কী ধরনের গুণ?**
ⓚ সামাজিক ⓛ রাজনৈতিক
ⓜ ধর্মীয় ⓝ সাংস্কৃতিক

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**
জোৎস্না রানি কাজ করেন একটি পোশাক তৈরি কারখানায়। তিনি একটি গোষ্ঠীর সদস্য। তার গোষ্ঠীর কাজ হলো বিভিন্নভাবে দরকষাকষি করে গোষ্ঠীর সদস্যদের আর্থিক সুবিধাসহ অন্যান্য সুবিধা বাড়ানো। তার গোষ্ঠী কোন জাতীয় কর্মসূচি দেয় না।

১৫. **জ্যোৎস্না রানির গোষ্ঠীটিকে কী বলা হয়?**
ⓚ চাপসৃষ্টিকারী গোষ্ঠী
ⓛ প্রাথমিক গোষ্ঠী
ⓜ মাধ্যমিক গোষ্ঠী
ⓝ বলপ্রয়োগকারী গোষ্ঠী

https://teachingbd24.com

১৬. উক্ত গোষ্ঠীর উদ্দেশ্য হল—
i. জাতীয় কর্মসূচি দেওয়া
ii. সরকারি সিদ্ধান্তকে প্রভাবিত করা
iii. গোষ্ঠীর সদস্যদের কল্যাণসাধন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. ★ প্রজাতান্ত্রিক সরকার কাঠামোর সর্বোচ্চ ক্ষমতার অধিকারী কে?
ক প্রধানমন্ত্রী খ সেনাপ্রধান
গ প্রেসিডেন্ট ঘ প্রধান বিচারপতি

১৮. মূল্যবোধ বলতে বোঝায়—
i. সমাজের রীতিনীতি
ii. আচার-আচরণের সমষ্টি
iii. অর্থ উপার্জনের মাধ্যম
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. প্রাচীন রাষ্ট্রবিজ্ঞানীদের মতে, কোন ভৌগোলিক আবহাওয়ায় গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়?
ক শীতপ্রধান অঞ্চলে খ গ্রীষ্মপ্রধান অঞ্চলে
গ মরু অঞ্চলে ঘ নাতীশীতোষ্ণ অঞ্চলে

২০. ★ ই-গভর্নেন্স গোপনীয়তা থাকে না বলে-
i. দুর্নীতি বৃদ্ধি পায়
ii. জবাবদিহিতা নিশ্চিত করা যায়
iii. প্রশাসনিক কাজে স্বচ্ছতা বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:**
ইথিওপিয়া রাষ্ট্রে বেশ কিছু নৃগোষ্ঠীগত সম্প্রদায় বাস করে। এসব নৃগোষ্ঠীদের বসবাস এলাকাগুলোকে ৯টি অঞ্চলে ভাগ করা হয়েছে। সাংবিধানিকভাবে আঞ্চলিক সরকারগুলো স্ব-স্ব ক্ষেত্রে স্বাধীনভাবে শাসনক্ষমতা পরিচালনা করে।

২১. ক্ষমতা বন্টনের নীতি অনুযায়ী ইথিওপিয়াতে কোন ধরনের সরকারব্যবস্থা বিদ্যমান?
ক এককেন্দ্রিক সরকার
খ যুক্তরাষ্ট্রীয় সরকার
গ রাষ্ট্রপতি শাসিত সরকার
ঘ সংসদীয় সরকার

২২. তত্ত্বগত দিক থেকে ইথিওপিয়ার সরকারের বৈশিষ্ট্য হলো—
i. জাতীয় বিষয় কেন্দ্রীয় সরকারের নিকট ন্যস্ত
ii. আঞ্চলিক সরকারের স্বতন্ত্র অস্তিত্ব নেই
iii. দ্বৈত সরকারব্যবস্থা বিদ্যমান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. গণতান্ত্রিক সরকারকে সঠিক পথে পরিচালিত করে কোনটি?
ক রাজনৈতিক দল খ মন্ত্রিসভা
গ জনমত ঘ উপদেষ্টামণ্ডলী

২৪. ★ বাংলাদেশ সিভিল সার্ভিস বর্তমানে কয়টি ক্যাডারে বিভক্ত?
ক ২০টি খ ২৪টি
গ ২৮টি ঘ ৩০টি

২৫. সমাজে বিশৃঙ্খলা দেখা দেওয়ার কারণ হলো-
i. শিক্ষার অভাব ii. সহিষ্ণুতার অভাব
iii. ধৈর্যের অভাব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৬. জনমত শব্দটি সর্বপ্রথম ব্যবহার করেন কে?
ক এরিস্টটল খ ম্যাকিয়াভেলি
গ রুশো ঘ লাস্কি

২৭. জার্মান জাতীয়তাবাদ গড়ে উঠেছিল কিভাবে?
ক ভৌগোলিক ঐক্যের ভিত্তিতে
খ বংশগত ঐক্যের ভিত্তিতে
গ অর্থনৈতি ঐক্যের ভিত্তিতে
ঘ ভাষাসাহিত্যে ও সাংস্কৃতিক ঐক্যের ভিত্তিতে

**উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:**
সায়েম মেহমুদ একজন সমাজতত্ত্ববিদ। তিনি সর্ব প্রথম আমলাতন্ত্রকে সুনির্দিষ্টভাবে ব্যাখ্যা করেন তিনি বলেন, আমলাতন্ত্র প্রত্যয়টি আধুনিক বিশ্বে খুবই গুরুত্বপূর্ণ একটি বিষয়।

২৮. সায়েম মেহমুদ কোন সমাজতত্ত্ববিদের প্রতিনিধি?
ক কার্ল মার্কস খ ম্যাক্স ওয়েবার
গ ইবনে খালদুন ঘ পল এইচ অ্যাপলবি

২৯. উক্ত সমাজতত্ত্ববিদ কোন দেশের নাগরিক?
ক জার্মানি খ ইতালি
গ ফ্রান্স ঘ ইংল্যান্ড

৩০. বাংলাদেশের অভ্যুদয়ে জাতীয়তার যে উপাদানটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে—
ক বংশগত ঐক্য খ ধর্মীয় ঐক্য
গ ভাষাগত ঐক্য ঘ ভৌগোলিক ঐক্য

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ক | ৩ | গ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ক |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | খ | ২০ | গ | ২১ | খ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | গ |

Teachingbd24.com